শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে

যিহিষ্কেল: দর্শনের ব্যক্তি



লেখক: Edward Hughes

চিত্রাংকন: Lazarus; Alastair Paterson

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2021 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

অনেক বছর আগে শক্তিশালী সৈন্যরা যিহূদা আক্রমণ করেছিল। বন্দী হিসাবে তারা ঈশ্বরের অনেক লোকদর ব্যাবিলনে নিয়ে গিয়েছিল।

ঘর থেকে অনেক দূরে এই ইহুদি লোকেরা কবার নদীর ধারে বাস করত। তাদের মধ্যে যিহিষ্কেল ভাববাদী নামে ঈশ্বরের এক সেবক ছিল।

একদিন ঈশ্বর যিহিষ্কেলকে
এক দর্শন দিলেন। ঈশ্বরের মহিমা
উজ্জ্বল আলোকের মতো, জ্বলন্ত
অগ্নিশিখার মতো চারটি প্রাণীর মধ্য
দিয়ে বেরিয়ে এল। প্রত্যেকের চারটে
মুখ ও চারটে
পাখা।

তাদের সকলের উপরে সুন্দর নীলকান্ত মুকুট, যেটা উজ্জ্বল আলোকে ভরা, ঠিক মেঘধনুর মতো। এটা দেখার পর যিহিষ্কেল মুখ থুবড়ে পড়ে গেল।



ঈশ্বর যিহিষ্কেলকে বললেন, “আমি তোমাকে ইস্রায়েল সন্তানদের মাঝে পাঠাচ্ছি। আমার কথা তাদেরকে বল, কারণ তারা বিদ্রোহী”।

একটি হাত উপস্থিত হল, যেটা একটা গুটানো কাগজ ধরেছিল।

ঈশ্বর বললেন, “এই মুড়ানো কাগজটা খাও এবং ইস্রায়েলীয়দের বল!” কি অদ্ভুত আদেশ! কিন্তু যিহিষ্কেল বাধ্য ছিল, সে মুড়ানো কাগজটা খেয়ে চলে গেল।

ঈশ্বরের আত্মা যিহিষ্কেলকে তুলে ইস্রায়েল যেখানে বন্দী ছিল, সেই কবার নদীর উল্টো দিকে নিয়ে গেল। তিনি তাদের সাথে সাতদিন থাকলেন।

তিনি যা দেখলেন, তা তাকে অবাক করে দিল। তারপর ঈশ্বর যিহিষ্কেলকে একজন প্রহরী হিসাবে নিযুক্ত করলেন।



তাকে লোকদের
সতর্ক করতে
বলা হয়েছিল,
যাতে তারা
ঈশ্বরের
অবাধ্য
না হয়।





যিহিষ্কেল অনেক অদ্ভুত কাজ করে লোকদেরকে ঈশ্বরের বাক্য বোঝাতে চেয়েছিল।



একটি মাটির থালাতে জেরুশালেমের ছবি এঁকেছিল, তিনি যখন আঁকলেন, তখন হয়তো লোকেরা তার কাঁধের উপর দিয়ে জেরুশালেমের চারিদিকে শক্তিশালী সৈন্য দেখছিল।



তিনি দেখাচ্ছিলেন যে, ঈশ্বরের পবিত্র শহর খুব শীঘ্র ধ্বংস হবে।

ইস্রায়েলের উত্তর রাজ্য তিনশো নব্বই বছর ঈশ্বরের অবাধ্য হয়েছিল ও দক্ষিণ রাজ্য যিহূদা চল্লিশ বছর ঈশ্বরের অবাধ্য হয়েছিল।

সেই কারণে ইস্রায়েল ধ্বংস হয়েছিল ও যিহূদা পড়ে গিয়েছিল।

ঈশ্বর যিহিষ্কেলকে বললেন, তিনশো নব্বই দিন বাঁ পাশ করে শুয়ে থাকতে ও তারপর চল্লিশ দিন ডান পাশ করে শুতে, যাতে লোকেরা তাদের পাপের বছরগুলির কথা মনে করতে পারে।

বোধহয় লোকেরা ভাবতে শুরু করল যে, যিহিষ্কেল একজন অদ্ভুত ব্যক্তি। তিনি সবকিছুই করলেন, যা ঈশ্বর তাকে বলেছিলেন।

একদিন তিনি মাথা মুড়িয়ে তিন ভাগের এক ভাগ চুল পুড়িয়েছিলেন।



তিনি এটাই দেখাতে চাইছিলেন যে, যখন ব্যাবিলনের সৈন্যরা শহরটাকে আক্রমণ করবে, তখন জেরুশালেমের তিন ভাগের এক ভাগ লোক রোগে ও দুর্ভিক্ষে মারা যাবে।





যিহিষ্কেল তার অন্য ভাগের চুল নিল ও একটি ছুরি দিয়ে কাটল।



তিনি এটাই দেখাতে চাইছিলেন যে, তিন ভাগ শত্রু তরবারির দ্বারা মারা যাবে, কিন্তু তিনি কিছু চুল নিয়ে তার জামায় সেলাই করলেন, ...



... এর মানে এই হল যে, ঈশ্বরের কিছু লোক নিরাপদে প্রতিজ্ঞাত দেশে ফিরে আসবে।



এই সাহসী ভাববাদী, বন্দী ইহুদিদের বললেন যে, তারা যা চিন্তা করছে, তা হবে না বরং আরও খারাপ হবে। লোকেরা যিহিষ্কেলের কথায় রেগে গেল, কিন্তু তিনি ঈশ্বরের কথা বলা থেকে বিরত থাকলেন না।

একদিন তিনি ইস্রায়েলের নেতাদের সাথে বসেছিলেন, তখন ঈশ্বর যিহিষ্কেলকে এক দর্শন দিলেন।

দর্শনে দেখলেন যে, ঈশ্বর তাকে তার চুল ধরে নিয়ে জেরুশালেম মন্দিরে নিয়ে গেলেন।

ঈশ্বর যিহিষ্কেলকে মন্দিরের মধ্যে বুকে হাঁটা অশুচি পশু ও প্রতিমা দেখালেন। এগুলো ঈশ্বরের মন্দিরে থাকা উচিত নয়।



ঈশ্বরের পরিবর্তে নেতারা এগুলিকে উপাসনা করছিল। ঈশ্বর যিহিষ্কেলকে দেখালেন যে, ঈশ্বরের মহিমা মন্দির থেকে সরে যাচ্ছে ও এগুলো ধ্বংস হবে।



দর্শন শেষ হয়ে গেলে, যিহিষ্কেল লোকদেরকে সেই সম্বন্ধে বললেন।





ঈশ্বর যা বললেন, তা সত্যি হল।
জেরুশালেম ধ্বংস হয়ে গেল। অনেক
লোক মারা গেল।



যখন ব্যাবিলনে বন্দী ইহুদিরা একথা শুনল, তারা অবাক হল যে, ঈশ্বর তার লোকদের চিরদিনের জন্য ছেড়ে দিয়েছেন।

কিন্তু ঈশ্বর তাঁর ভাববাদীকে আর একটা বার্তা দিলেন।

তিনি যিহিষ্কেলকে একটি
উপত্যকায় নিয়ে গেলেন, ...

... যেখানে মানুষের
শুকনো হাড়ে ভর্তি ছিল।

ঈশ্বরর যিহিষ্কেলকে জিজ্ঞাসা করলেন, "মনুষ্যপুত্র, এই হাড়গুলো কি জীবন ফিরে পেতে পারে?" যিহিষ্কেল উত্তর দিলেন, "হে প্রভু ঈশ্বর, আপনি জানেন"।



অবশ্য শুকনো হাড়গুলো জীবন ফিরে পায় না। ঈশ্বর বললেন, “এই হাড়গুলোর প্রতি ভবিষ্যৎ বাণী কর, এবং বল হে শুকনো হাড় ঈশ্বরের কথা শোন! তুমি জীবন পাবে”।



সে যখন তা করল, তখন একটা খটখটে শব্দ শুনতে পেল। এর কারণ কী হতে পারে, তা তুমি বলতে পার?



ভাববাদী অবাক হয়ে তাকিয়ে থাকলেন, হাড়গুলো একের পর এক শরীরে জুড়তে লাগল।



তারপর তাদের উপরে মাংস এল।



তারপর চামড়া তার উপর ঢাকা পড়ল,
কিন্তু তাতে জীবন ছিল না।



ঈশ্বর বললেন, “মনুষ্যপুত্র ভবিষ্যদ্বাণী কর এবং বল, ‘জীবনের জন্য চারদিক থেকে বায়ু আসুক, যাতে তারা বাঁচে”। যখন যিহিষ্কেল এটা করল, তখন সেগুলোর মধ্যে জীবন এল। তারা বাঁচল

ও তাদের পায়ে দাঁড়াল। উপত্যকা এক মহান সৈন্যদলে ভর্তি হয়ে গেল।

ঈশ্বর জানতেন যে, যখন জেরুশালেম ধ্বংস হল, তখন ব্যাবিলনের যিহূদীরা নিজেদেরকে অসহায় মনে করছিল। তিনি দর্শনের মাধ্যমে যিহিষ্কেলকে এক বার্তা পাঠালেন। ঈশ্বর বললেন, “এই হাড়ের মানুষগুলো হল ইস্রায়েলের ঘরের লোক।

আমি আমার আত্মা তোমার মধ্যে দেব ও তোমাদেরকে তোমাদের নিজের দেশে স্থান দেব”।



কি মহান আশার বাণী ঈশ্বর থেকে পেলেন। ঈশ্বরের প্রতিজ্ঞা যিহিষ্কেলের মাধ্যমে সত্যি হয়েছিল, ...



... যখন তারা প্রতিজ্ঞার দেশে ফিরল। তারা জানত যে, প্রভু ঈশ্বর তাদের দেশে ফিরিয়ে এনেছেন। ঈশ্বরের বাক্য সবসময় সত্যি হয়।



যিহিষ্কেল: দর্শনের ব্যক্তি

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

যিহিষ্কেল

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুনঃ

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬